রাজশাহী বোর্ড-২০১৬

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | ২ | ৯ | ২ |

সময়— ২ ঘণ্টা ১০ মিনিট

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো ৬ টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ► 'A' কোম্পানি শুধু মিনিপ্যাক শ্যাম্পু বিপণন করে থাকে এবং সুনাম বৃদ্ধি ও ব্যবসার সম্প্রসারণের লক্ষ্যে তারা তাদের মোট লাভের ২৫% লভ্যাংশ হিসেবে শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন করে থাকে। অপরদিকে 'B' কোম্পানি মিনিপ্যাক শ্যাম্পুর পাশাপাশি ফ্যামিলি সাইজ শ্যাম্পু, বোতলজাত শ্যাম্পু, হারবাল শ্যাম্পু বিপণন করে এবং তাদের মোট লাভের ৮% লভ্যাংশ হিসেবে শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন করে থাকে।

ক. তারল্য ও মুনাফানীতি কী? ১

খ. অর্থায়ন বলতে তহবিল সংগ্রহ করাকেই বোঝায়? বুঝিয়ে লেখো। ২

গ. কোম্পানি 'B' ঝুঁকি হ্রাসকরণে অর্থায়নের কোন নীতিটি অনুসরণ করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের কোন কোম্পানিটি অর্থায়নের সম্পদ সর্বাধিকরণের লক্ষ্যটি অর্জনের দিকে এগিয়ে যাচ্ছে তা বিশ্লেষণপূর্বক আলোচনা করো। ৪

২. ► যমুনা কোম্পানি কর্মচারীদের বেতন পরিশোধ করতে গিয়ে সাময়িক আর্থিক সমস্যায় পড়েন। এ জন্য কোম্পানিটি ব্যাংক হতে জমাতিরিক্ত ঋণ গ্রহণ করেন। অপরদিকে সোনালী কোম্পানি তার ব্যবসার সম্প্রসারণের জন্য বাজারে শেয়ার ইস্যু করার মাধ্যমে প্রয়োজনীয় মূলধন সংগ্রহ করে। যদিও কোম্পানিটির ব্যাংক হতে অগ্রমেয়াদি ঋণ গ্রহণের মাধ্যমে মূলধন সংগ্রহের সুযোগ ছিল।

ক. বন্ড কী? ১

খ. 'মানি লন্ডারিং অর্থনৈতিক উন্নয়নে বাধা সৃষ্টি করে'। ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের যমুনা কোম্পানি কোন ধরনের আর্থিক বাজার হতে মূলধন সংগ্রহ করেছে? তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সোনালী কোম্পানি কর্তৃক আর্থিক বাজারের ধরন নির্বাচনের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৩.▶ মি. আমীন আগামী ১০ বছরের পর ১০ লক্ষ টাকা দিয়ে একটি গাড়ি কেনার পরিকল্পনা করলেন। বর্তমানে তিনি একটি প্রাইভেট প্রতিষ্ঠানে চাকরি করেন। প্রতি মাসের শুরুতে বেতন পেয়ে কিছু টাকা ব্যাংকে জমা করবেন। তার ধারণা ব্যাংক ১২% সুদ প্রদান করবে। অন্যদিকে, ৫,০০০ টাকা করে প্রতি মাসের শুরুতে কর্তনের ভিত্তিতে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে একটি গাড়ি গ্রহণ করতে পারবেন।

ক. নামিক সুদের হার কী? ১

খ. ৭২ বিধিটি ব্যাখ্যা করো। ২

গ. প্রতি মাসে কত টাকা জমা করলে তিনি পরিকল্পনা মাফিক গাড়ি ক্রয় করতে পারবেন? ৩

ঘ. গাড়ির মূল্য ২,০০,০০০ টাকা হ্রাস পেলে মি. আমীনের গাড়ি ক্রয় করা কি উচিত? বিশ্লেষণ করো। ৪

৪.▶ PSL কোম্পানি বিদ্যুৎ সামগ্রী বাতি উৎপাদন ও বিক্রি করে। কোম্পানির প্রান্তিক তথ্য নিম্নরূপ;

বার্ষিক বিক্রি (২,৫০০ একক) ৫,০০,০০০ টাকা।

বার্ষিক স্থির ব্যয় ১,৬০,০০০ টাকা।

একক প্রতি উৎপাদন ব্যয় ১২০ টাকা।

ক. নগদ প্রবাহ কী? ১

খ. আর্থিক বিশ্লেষণ কেন করা হয়? ২

গ. PSL কোম্পানির বর্তমান মুনাফা বা ক্ষতি কত? ৩

ঘ. উদ্দীপকের তথ্যাবলির আলোকে PSL কোম্পানির সমচ্ছেদ বিন্দু চার্ট বিশ্লেষণ করো। ৪

৫.▶ বিডি ফুডস্ লি. প্রক্রিয়াজাত খাদ্য সামগ্রী বাজারজাত করে। বাজারে বার্ষিক চাহিদা ১,২০,০০০ প্যাকেট এবং প্রতি প্যাকেটের ক্রয় মূল্য ২২ টাকা। প্রতিটি ক্রয়াদেশের খরচ ৮০ টাকা, প্রতি একক পণ্যের বার্ষিক সংরক্ষণ ব্যয় ২ টাকা। ক্রয়াদেশ প্রদানের পর গুদামে পণ্য পৌঁছাতে ৪ দিন সময় লাগে। কোম্পানি তাৎক্ষণিক ক্রেতা চাহিদা মেটাতে ৫০০ প্যাকেট পণ্য সংরক্ষণের সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. মিতব্যয়ী ক্রয়াদেশ কী? ১

খ. অতিরিক্ত মজুদ সংরক্ষণের ফলে কী সমস্যা সৃষ্টি হয়? ২

গ. বিডি ফুডস্ লি. এর বার্ষিক মজুদ ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের মজুদ ব্যবস্থাপক ২০০০ প্যাকেট পণ্য মজুদ থাকা অবস্থায় পুনঃক্রয়াদেশ প্রদান করেন। তাঁর সিদ্ধান্তের যৌক্তিকতা ব্যাখ্যা করো। ৪

৬. ▶ সাকিব একজন নতুন বিনিয়োগকারী। তিনি X ও Y কোম্পানির বন্ডের মধ্যে কোনটিতে বিনিয়োগ করবেন সে বিষয়ে সিদ্ধান্ত নিতে চান। বন্ড দুটির প্রাসঙ্গিক তথ্যাবলি নিম্নরূপ:

কোম্পানি	অভিহিত মূল্য	কুপন সুদের হার	মেয়াদপূর্তির সময়	প্রত্যাশিত আয়ের হার	বাজারমূল্য
X	১০০০ টাকা	১৪%	২০ বছর	১২%	১১৮০ টাকা
Y	১০০০ টাকা	১০%	১৬ বছর	১০%	৯৭৫ টাকা

ক. ট্রেজারি বিল কী? ১

খ. নগদ চক্রের ওপর পরিশোধ সময় বৃদ্ধির প্রভাব ব্যাখ্যা করো। ২

গ. সাকিব X কোম্পানির বন্ডটি কত মূল্যে ক্রয় করবে? ৩

ঘ. সাকিব কোন ধরনের বন্ডে বিনিয়োগ করলে লাভবান হবেন? মতামত করো। ৪

৭. ▶ XY কোম্পানির মূলধন কাঠামো নিম্নরূপ:

মূলধনের উৎস	টাকার পরিমাণ	ব্যয়হার
সাধারণ শেয়ার	১০,০০,০০০	১৮%
অগ্রাধিকার শেয়ার	৬,০০,০০০	১৪%
ঋণপত্র	৪,০০,০০০	১০%

কর্পোরেট করের হার ৪০%।

ক. মূলধন ব্যয় কী? ১

খ. কখন একটি কোম্পানি অবহারে শেয়ার বিক্রি করে? ২

গ. XY কোম্পানির মূলধন ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পর্ষদ ঋণ মূলধন ব্যবহার না করার

সিদ্ধান্ত গ্রহণ করে। এমতাবস্থায় অন্যান্য উৎস হতে সমহারে মূলধন সংগ্রহ করলে মূলধন ব্যয়ের ওপর কিরূপ প্রভাব পড়বে? তা বিশ্লেষণ করো। ৪

৮. ▶ জনাব আমিনের বিনিয়োগযোগ্য তহবিল ৫০,০০০ টাকা। তার উক্ত অর্থ দুটি প্রকল্পে বিনিয়োগ করার সুযোগ রয়েছে। প্রকল্পের তথ্যসমূহ নিম্নরূপ:

প্রকল্পের সময় (বছর)	০	১	২	৩	৪
A এর নিট নগদ প্রবাহ	(২০,০০০)	৬,০০০	৬,০০০	৬,০০০	৬,০০০
B এর নিট নগদ প্রবাহ	(৩০,০০০)	৬,০০০	৮,০০০	১০,০০০	১২,০০০

বিনিয়োগের প্রত্যাশিত আয়ের হার ১০% এবং অবশেষ মূল্য উভয় প্রকল্পে ৫,০০০ টাকা।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. মূলধন রেশনিং কীভাবে করা হয়? ব্যাখ্যা করো। ২

গ. প্রকল্প B এর PBP নির্ণয় করো। ৩

ঘ. নিট বর্তমান মূল্যের ভিত্তিতে আমিনের বিনিয়োগ সিদ্ধান্তের যৌক্তিকতা ব্যাখ্যা করো। ৪

৯. ▶ সজিব ফুডস্ লি. এবং আবিদ ফুডস্ লি. এর বিগত ৩ বছরের আয়ের হার নিম্নরূপ:

বছর	সজিব ফুডস্ লি. এর আয়ের হার	আবিদ ফুডস্ লি.-এর আয়ের হার
২০১২	১২%	১৫%
২০১৩	১১%	–০৩%
২০১৪	১৪%	১৮%

ক. অনিশ্চয়তা কী? ১

খ. তারল্য ঝুঁকি কীভাবে সৃষ্টি হয়? ২

গ. সজিব ফুড্স লি. এর আয়ের আদর্শ বিচ্যুতি নির্ণয় করো। ৩

ঘ. কোম্পানিদ্বয়ের ঝুঁকির মাত্রা বিবেচনায় কোন কোম্পানিতে বিনিয়োগ করা যুক্তিযুক্ত হবে? ৪

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : | ২ | ৯ | ২ |

সময় ঃ ৪০ মিনিট   পূর্ণমান— ৪০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. সরকারি অর্থায়নের প্রধান উদ্দেশ্য কোনটি?
ⓚ মুনাফা সর্বোচ্চকরণ
ⓛ সম্পদ সর্বাধিকরণ
ⓜ জনকল্যাণ
ⓝ ব্যবসায় সম্প্রসারণ

২. ঝুঁকির সাথে মুনাফার সম্পর্ক কীরূপ?
ⓚ নিরপেক্ষ ⓛ সমানুপাতিক
ⓜ ধনাত্মক ⓝ ঋণাত্মক

৩. নিচের কোনটি মুদ্রাবাজারের উপাদান?
ⓚ সাধারণ শেয়ার ⓛ অসীম বন্ড
ⓜ দীর্ঘমেয়াদি ঋণ ⓝ বাণিজ্যিক পত্র

উদ্দীপকটি পড়ো এবং ৪ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব নজরুল ১৫ বৎসর পর একটি গাড়ি কিনতে চায়। সে সময় গাড়িটির আনুমানিক মূল্য হবে ১০,০০,০০০ টাকা।

৪. ব্যাংক সুদের হার ১০% হলে জনাব নজরুল গাড়িটি ক্রয় করার জন্য ব্যাংকে কত টাকা বর্তমানে জমা রাখবেন?
ⓚ ১,৩১,৪৭৫ টাকা ⓛ ২,৩৯,৩৯২ টাকা
ⓜ ২,৪৭,১৮৪ টাকা ⓝ ৬,১০,৫১০ টাকা

৫. ত্রৈমাসিক চক্রবৃদ্ধি সুদ গণনার ক্ষেত্রে বার্ষিক চক্রবৃদ্ধির সংখ্যা কত?
ⓚ ১ ⓛ ২ ⓜ ৩ ⓝ ৪

৬. আন্তর্জাতিক হিসাবমান অনুযায়ী নগদ প্রবাহ বিবরণীর কার্যক্রমকে কয় ভাগে ভাগ করা হয়েছে?
ⓚ ২ ⓛ ৩ ⓜ ৪ ⓝ ৫

উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব নাসির প্যাকেটজাত খাবার সরবরাহ করেন। প্রতি প্যাকেট খাবার প্রস্তুতের জন্য পরিবর্তনশীল ব্যয় হয় ১২০ টাকা। প্রতি প্যাকেট খাবারের বিক্রয়মূল্য ১৮০ টাকা। হোটেল ভাড়া বাবদ তাঁর বাৎসরিক ব্যয় হয় ৩৬,০০০ টাকা এবং কর্মচারীদের বাৎসরিক বেতন ৬০,০০০ টাকা।

৭. প্যাকেট প্রতি দত্তাংশ (Contribution Margin) কত?
ⓚ ৩০০ টাকা ⓛ ১৮০ টাকা
ⓜ ১২০ টাকা ⓝ ৬০ টাকা

৮. সমচ্ছেদ বিক্রয় কত একক?
ⓚ ১১০০ ⓛ ১২০০
ⓜ ১৫০০ ⓝ ১৬০০

৯. মিতব্যয়ী ফরমায়েশ পরিমাণ নির্ধারণে নিচের কোনটি বহন খরচের অন্তর্ভুক্ত হবে?
ⓚ গুদামজাতকরণ খরচ ⓛ পরিবহন খরচ
ⓜ ফরমায়েশ খরচ ⓝ কাঁচামাল খরচ

১০. কোম্পানির আয় ও সম্পদ থেকে কাদের পাওনা সর্বপ্রথম পরিশোধ করতে হয়?
ⓚ সাধারণ শেয়ারহোল্ডারদের
ⓛ অগ্রাধিকার শেয়ারহোল্ডারদের
ⓜ বন্ড হোল্ডারদের
ⓝ সরকার

১১. ঝুঁকিবিহীন সিকিউরিটি কোনটি?
ⓚ সাধারণ শেয়ার ⓛ অগ্রাধিকার শেয়ার
ⓜ বাণিজ্যিক পত্র ⓝ ট্রেজারি বিল

উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব হক একজন শিক্ষিত ব্যক্তি। তাঁর আর্থিক বাজার সম্পর্কে ভালো জ্ঞান রয়েছে। সম্প্রতি মেঘনা কোম্পানি পুঁজি সংগ্রহের জন্য দৈনিক রূপসী বাংলা পত্রিকায় বিবরণপত্র ছেপেছে, যা জনাব হকের দৃষ্টি কেড়েছে।

১২. জনাব হক কোন ধরনের শেয়ারের জন্য আবেদন করবেন?
ⓚ প্রাথমিক শেয়ার ⓛ মাধ্যমিক শেয়ার
ⓜ বোনাস শেয়ার ⓝ রাইট শেয়ার

১৩. উদ্দীপকের ক্রয়কৃত শেয়ার পরবর্তীতে কোন ধরনের আর্থিক বাজারে বিক্রয় করতে পারবে?
ⓚ বন্ড বাজার ⓛ মুদ্রাবাজার
ⓜ প্রাথমিক বাজার ⓝ মাধ্যমিক বাজার

১৪. সম্পদ বৃদ্ধির জন্য মুনাফা সংরক্ষণ অর্থায়নের কোন কার্যের অন্তর্গত?
ⓚ বিনিয়োগ ⓛ লভ্যাংশ বণ্টন
ⓜ সম্পদ ব্যবস্থাপনা ⓝ সংরক্ষণ

উদ্দীপকটি পড়ো এবং ১৫ নং প্রশ্নের উত্তর দাও।
সাথরা কোম্পানির ঝুঁকিমুক্ত আয়ের হার ৬%, পোর্টফোলিও বাজার আয়ের হার ১৩% এবং বিটা সহগ (β) ০.৭০।

১৫. উদ্দীপকের কোম্পানির প্রত্যাশিত আয়ের হার কত?
ⓚ ৯.৫০% ⓛ ১০%
ⓜ ১০.৫০% ⓝ ১০.৯০%

উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।
সুরমা লি. উৎপাদন কাজের জন্য ১,২০,০০০ টাকায় একটি নতুন মেশিন ক্রয় করল, যার সম্ভাব্য আয়ুষ্কাল ৪ বৎসর। মেশিনটি থেকে ৪ বৎসরে নগদ আন্তঃপ্রবাহ হবে যথাক্রমে ৪০,০০০ টাকা, ৬০,০০০ টাকা, ৪৫,০০০ টাকা ও ৫৫,০০০ টাকা।

১৬. তৃতীয় বৎসরে ক্রমযোজিত নগদ আন্তঃপ্রবাহ কত টাকা হবে?
ⓚ ৬০,০০০ টাকা ⓛ ১,০০,০০০ টাকা
ⓜ ১,৪৫,০০০ টাকা ⓝ ১,৫৫,০০০ টাকা

১৭. মেশিনটির বিনিয়োগ পরিশোধকাল কত বৎসর?
ⓚ ২.২০ ⓛ ২.৩৫
ⓜ ২.৪৪ ⓝ ২.৬০

১৮. দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস কোনটি?
ⓚ ব্যবসায় ঋণ ⓛ ট্রেজারি বিল
ⓜ বাণিজ্যিক দলিল ⓝ সাধারণ শেয়ার

১৯. কোন বার্ষিক বৃত্তির টাকা বছরের শুরুতে পরিশোধ করতে হয়?
ⓚ বিলম্বিত ⓛ সাধারণ
ⓜ চিরস্থায়ী ⓝ আশু

২০. নিচের কোন উৎসটির মূলধন ব্যয় সবচেয়ে কম?
ⓚ সাধারণ শেয়ার ⓛ অগ্রাধিকার শেয়ার
ⓜ ঋণপত্র ⓝ সংরক্ষিত আয়

২১. ICB এর পূর্ণরূপ কোনটি?
- ক Investment Corporation of Bangladesh
- খ Investment Company of Bangladesh
- গ International Commerce Bank
- ঘ International Committee for Business

২২. বাট্টাকরণ বলতে কী বোঝায়?
- ক বাট্টা নির্ণয়ের পদ্ধতি
- খ কারবারি বাট্টায় পণ্য বিক্রি
- গ নগদ টাকায় পণ্য বিক্রয়
- ঘ বর্তমান মূল্য নির্ণয়ের পদ্ধতি

২৩. নগদ প্রবাহ বিবরণী তৈরির পদ্ধতি কয়টি?
- ক ১ খ ২ গ ৩ ঘ ৪

প্রদর্শিত চিত্রটি দেখে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।

সময়	০	১	২	৩	৪
নগদ প্রবাহ	−৬০০০০	১২০০০	১২০০০	১২০০০	১২০০০

সময়	৫	৬	৭	৮
নগদ প্রবাহ	১২০০০	১২০০০	১২০০০	১২০০০

চিত্র: সময় রেখা

২৪. বিনিয়োগের পরিমাণ কত টাকা?
- ক ১২,০০০ খ ৬০,০০০
- গ ৯৬,০০০ ঘ ১,৫৬,০০০

২৫. বিনিয়োগ পরিশোধকাল কত বছর?
- ক ৩ খ ৪ গ ৫ ঘ ৮

২৬. নিচের কোনটি আমাদের দেশের মুদ্রাবাজারের নিয়ন্ত্রক সংস্থা?
- ক সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
- খ ঢাকা স্টক এক্সচেঞ্জ
- গ চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ
- ঘ বাংলাদেশ ব্যাংক

২৭. একাধিক প্রকল্প মূল্যায়নের ক্ষেত্রে নিচের কোন কৌশলটি উত্তম?
- ক প্রত্যাশিত আয়ের হার
- খ পরিমিত ব্যবধান
- গ ভেদাঙ্ক
- ঘ ব্যবধানাঙ্ক

২৮. আর্থিক বিবরণীর ব্যবহারকারী হলো—
- i. শেয়ারহোল্ডার
- ii. ঋণপত্রহোল্ডার
- iii. ব্যবস্থাপক

নিচের কোনটি সঠিক?
- ক i ও ii খ i ও iii
- গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৯ নং প্রশ্নের উত্তর দাও।
মক কোম্পানির ইকুইটি মূলধন ব্যয়ের হার (Ke) ১৫% এবং ব্যক্তিগত করের হার ২০%।

২৯. সংরক্ষিত তহবিলের ব্যয়ের হার (Kr) কত হবে?
- ক ২০% খ ১৮%
- গ ১৫% ঘ ১২%

৩০. নিচের কোনটি চলতি সম্পদ?
- ক পাওনাদার খ দেনাদার
- গ যন্ত্রপাতি ঘ আসবাবপত্র

৩১. মধ্যমেয়াদি অর্থায়নের সাধারণ সময়সীমা কোনটি?
- ক ০-১ বছর খ ১-৫ বছর
- গ ৫-১০ বছর ঘ ১০-১৫ বছর

৩২. সমচ্ছেদ বিন্দুতে—
- ক আয়ের পরিমাণ সর্বোচ্চ হয়
- খ বিক্রয়ের পরিমাণ সর্বোচ্চ হয়
- গ ব্যয়ের পরিমাণ সর্বনিম্ন হয়
- ঘ আয়-ব্যয় সমান হয়

উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব আলী মেঘনা গ্রুপ থেকে ২০ টাকা মূল্যের ১০০০ শেয়ার ক্রয় করেন। তিনি নির্দিষ্ট হারে নিয়মিতভাবে লভ্যাংশ প্রত্যাশা করেন। তবে কোম্পানিতে তার কোনো ভোটাধিকার নেই এবং কোম্পানি পরিচালনায় তাঁর অংশগ্রহণের কোনো সুযোগ নেই।

৩৩. জনাব আলী কোন ধরনের শেয়ার ক্রয় করেছেন?
- ক সাধারণ শেয়ার খ অগ্রাধিকার শেয়ার
- গ বোনাস শেয়ার ঘ রাইট শেয়ার

৩৪. ব্যবসায়িক দৃষ্টিকোণ থেকে জনাব আলীর কোন ধরনের শেয়ার ক্রয় করা যুক্তিযুক্ত হতো?
- ক সাধারণ শেয়ার খ অগ্রাধিকার শেয়ার
- গ রাইট শেয়ার ঘ বোনাস শেয়ার

৩৫. ব্যাংক জমাতিরিক্ত ঋণ কোন ধরনের অর্থায়ন?
- ক স্বল্পমেয়াদি খ মধ্যমেয়াদি
- গ স্বল্প ও মধ্যমেয়াদি ঘ দীর্ঘমেয়াদি

উদ্দীপকটি পড়ো এবং ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও।
রূপালী লি. বিগত বছর প্রতিটি সাধারণ শেয়ারে ৪৪ টাকা লভ্যাংশ প্রদান করেছিল। বার্ষিক লভ্যাংশ বৃদ্ধির হার ১০% এবং প্রতিটি শেয়ারের বর্তমান বাজার মূল্য ৪৬০ টাকা।

৩৬. রূপালী লি. এর সাধারণ শেয়ারের ব্যয়ের হার কত হবে?
- ক ২০.৫২% খ ১৯.৫৭%
- গ ১৮.৫০% ঘ ১৭.৫০%

৩৭. কর্পোরেট করের হার ৩০% হলে রূপালী লিমিটেডের সংরক্ষিত তহবিলের ব্যয়ের হারে কি পরিবর্তন হবে?
- ক ০% খ ৩০%
- গ ৪০% ঘ ৭০%

৩৮. মুনাফা সর্বাধিকরণে কোনটি বিবেচনা করা হয়?
- ক অর্থের সময়মূল্য খ প্রকল্পের ঝুঁকি
- গ প্রকল্পের নগদ প্রবাহ ঘ প্রকল্পের মোট আয়

৩৯. ২/২০ নিট ৬০ শর্তে ক্রয়ের বক্তব্য নিম্নরূপ—
- i. বাট্টার মেয়াদকাল ২০ দিন
- ii. নগদ বাট্টার হার ২%
- iii. ঋণের মেয়াদকাল ৪০ দিন

নিচের কোনটি সঠিক?
- ক i ও ii খ i ও iii
- গ ii ও iii ঘ i, ii ও iii

৪০. ব্যক্তিগত কর কোন ধরনের মূলধন ব্যয়ের হার নির্ণয়ে ব্যবহৃত হয়?
- ক সংরক্ষিত আয়ের খ ঋণপত্রের
- গ সাধারণ শেয়ারের ঘ অগ্রাধিকার শেয়ারের

উত্তরমালা

১	গ	২	গ	৩	ঘ	৪	গ	৫	ঘ	৬	গ	৭	ঘ	৮	ঘ	৯	গ	১০	গ	১১	ঘ	১২	ক	১৩	ঘ	১৪	ক	১৫	ঘ	১৬	গ	১৭	গ	১৮	ঘ	১৯	ক	২০	ঘ
২১	ক	২২	ঘ	২৩	খ	২৪	খ	২৫	গ	২৬	ঘ	২৭	খ	২৮	ঘ	২৯	ঘ	৩০	খ	৩১	খ	৩২	ঘ	৩৩	খ	৩৪	ক	৩৫	ক	৩৬	ক	৩৭	ক	৩৮	ঘ	৩৯	ক	৪০	ক